# ১৮তম বেসরকারি শিক্ষক নিবন্ধন (স্কুল পর্যায়)
## পদের নামঃ সহকারী শিক্ষক
### তারিখঃ ১৫.০৩.২০২৪; সময়ঃ ১ ঘণ্টা; পূর্ণমানঃ ১০০

**01. কোনটি চলিত ভাষার নিজস্ব বিশেষ বৈশিষ্ট্য?**

a) তৎসম শব্দের বহুলতা b) তদ্ভব শব্দের বহুলতা
c) প্রাচীনতা d) অমার্জিততা ***ans.* B**

**Solution:** চলিত ভাষার বৈশিষ্ট্যঃ

| |
|---|
| চলিত রীতি পরিবর্তনশীল। একশ বছর আগে যে চলিত রীতি সে যুগের শিষ্ট ও ভদ্রজনের কথিত ভাষা বা মুখের বুলি হিসেবে প্রচলিত ছিল, কালের প্রবাহে বর্তমানে তা অনেকটা পরিবর্তিত রূপ লাভ করেছে |
| এ রীতি তদ্ভব শব্দবহুল |
| চলিত রীতি সংক্ষিপ্ত ও সহজবোধ্য এবং বক্তৃতা, আলাপ-আলোচনা ও নাট্যসংলাপের জন্য বেশি উপযোগী |
| সাধু রীতিতে ব্যবহৃত সর্বনাম ও ক্রিয়াপদ চলিত রীতিতে পরিবর্তিত ও সহজতর রূপ লাভ করে। বহু বিশেষ্য ও বিশেষণের ক্ষেত্রেও এমনটি ঘটে |
| চলিত ভাষায় ক্রিয়াপদগুলো সংক্ষিপ্ত রূপে ব্যবহৃত হয়। যেমনঃ খেতে, খাচ্ছিলাম, করছিল ইত্যাদি |

**02. 'Book Post' এর পারিভাষিক রূপ কোনটি?**

a) ডাকঘর b) খোলা ডাক
c) উপবিধি d) লেখস্বত্ব ***ans.* B**

**Solution:** 'Book Post' এর পারিভাষিক রূপ হলো 'খোলা ডাক'। উল্লেখ্য, কিছু গুরুত্বপূর্ণ পারিভাষিক শব্দঃ

| | | | |
|---|---|---|---|
| Aboriginal | আদিবাসী | Loggerhaeads | দা-কুমড়া সম্পর্ক |
| Anonymous | অনামা | Manager | ব্যবস্থাপক |
| Bribe | ঘুষ/ উৎকোচক | Oxygen | অম্জান |
| Blocade | অবরোধ | Overrule | বাতিল করা |
| Curtail | সংক্ষিপ্ত করা | Post Graduate | স্নাতকোত্তর |
| Civil Society | সুশীল সমাজ | Periodical | সাময়িকী |
| Dead lock | অচলাবস্থা | Pensive | বিষণ্ন |
| Equation | সমীকরণ | Quack | হাতুড়ে |

**03. 'পেয়ারা' কোন ভাষা থেকে আগত শব্দ?**

a) হিন্দি b) উর্দু
c) পর্তুগিজ d) গ্রিক ***ans.* C**

**Solution:** কিছু পর্তুগিজ ভাষা থেকে আসা শব্দঃ আনারস, আলকাতরা, কেরানী, পেয়ারা, আলপিন, আলমারি, গীর্জা, গুদাম, চাবি, পাউরুটি, পাদ্রি, পেঁপে, টুপি, আনারস, বোমা, পিস্তল, গুদাম, আয়া, চাবি, ফিতা, মিস্ত্রি, তামাক, বালতি, জানালা। উল্লেখ্য,

| | |
|---|---|
| হিন্দি শব্দঃ | ফুফা, ফুফি, বেটা, ভরসা, ছিনতাই, টহল, ডেমরা, জিলাপি, ছাতি কাহিনি, জলপুরি, আচ্ছা, কাছারি। |
| উর্দু শব্দঃ | আব্বু, কলিজা, ঘাগরা, চুঙ্গি, ছিলিম, ঠুমরি, বদলা, হল্লা। |
| গ্রিক শব্দঃ | দাম, সেমাই, সুড়ং, ইউনানি। |

**04. যে সমাসে সমস্যমান প্রত্যেকটি পদেও অর্থের সমান প্রাধান্য থাকে তাকে কোন সমাস বলে?**

a) দ্বন্দ্ব b) দ্বিগু
c) তৎপুরুষ d) বহুব্রীহি ***ans.* A**

**Solution:** যে সমাসে প্রত্যেকটি সমস্যমান পদের অর্থের সমান প্রাধান্য থাকে, তাকে দ্বন্দ্ব সমাস বলে। যেমনঃ তাল ও তমাল = তাল-তমাল, দোয়াত ও কলম = দোয়াত-কলম। উল্লেখ্য,

| | |
|---|---|
| দ্বিগু সমাস | সমাহার (সমষ্টি) বা মিলন অর্থে সংখ্যাবাচক শব্দের সঙ্গে বিশেষ্য পদের যে সমাস হয়, তাকে দ্বিগু সমাস বলে। দ্বিগু সমাসে সমাসনিষ্পন্ন পদটি বিশেষ্য পদ হয়। যেমনঃ তিন কালের সমাহার = ত্রিকাল, চৌরাস্তার সমাহার = চৌরাস্তা, তিন মাথার সমাহার = তেমাথা, শত অব্দের সমাহার = শতাব্দী, ত্রি (তিন) পদের সমাহার = ত্রিপদী পঞ্চবটের সমাহার = পঞ্চবটী, ইত্যাদি। |
| তৎপুরুষ সমাস | পূর্বপদে দ্বিতীয়া (দ্বিতীয়া থেকে সপ্তমী পর্যন্ত) বিভক্তি লোপ পেয়ে যে সমাস হয় এবং যেখানে পর পদের অর্থ প্রধানরূপে প্রতীয়মান হয় তাকে তৎপুরুষ সমাস বলে। যেমনঃ আমকে কুড়ানো = আমকুড়ানো; ছায়া দ্বারা শীতল = ছায়াশীতল। |
| বহুব্রীহি সমাস | যে সমাসে সমস্যমান পদগুলোর কোনটির অর্থ না বুঝিয়ে, অন্য কোন পদকে বুঝায় তাকে বহুব্রীহি সমাস বলে। যেমনঃ সেতার = সে (তিন) আছে যে যন্ত্রের। |

**05. নিচের কোনটি তদ্ধিত প্রত্যয়ের উদাহরণ?**

a) হাত + ল = হাতল b) চল + অন্ত = চলন্ত
c) রাধ + না = রান্না d) কোনোটিই নয় ***ans.* A**

**Solution:** নাম শব্দ বা প্রাতিপাদিকের সাথে যে প্রত্যয় যুক্ত হয়ে নতুন শব্দ তৈরি হয় তাকে তদ্ধিত প্রত্যয় বলে। যেমনঃ হাত + ল = হাতল (বাঁট), ফুল + এল = ফুলেল (ফুলজাত) এবং মুখ + র = মুখর (বাচাল)।

**06. বাংলা ভাষায় যতি বা ছেদ চিহ্ন মোট কয়টি?**

a) ৯টি b) ১০টি
c) ১১টি d) ১২টি ***ans.* D**

**Solution:** টেক্সট বুক বোর্ড প্রকাশিত নবম-দশম শ্রেণির 'বাংলা ভাষার ব্যাকরণ' বইয়ের তথ্যমতে, যতি বা ছেদ চিহ্ন ১২টি। আবার নবম-দশম শ্রেণির 'বাংলা ভাষার ব্যাকরণ ও নির্মিতি' (শিক্ষাবর্ষ-২০২১) বইয়ের তথ্যমতে, যতি বা ছেদ চিহ্ন ১৩টি। তাই বাংলা ভাষায় ব্যবহৃত যতি বা ছেদ চিহ্ন নিয়ে মতভেদ আছে। উল্লেখ্য, বাক্যের অর্থ সুস্পষ্টভাবে বোঝার জন্য বাক্যের মধ্যে বা বাক্যের সমাপ্তিতে কিংবা বাক্যে আবেগ (হর্ষ, বিষাদ), জিজ্ঞাসা ইত্যাদি প্রকাশ করার উদ্দেশ্যে বাক্য-গঠনে যেভাবে বিরতি দিতে হয় এবং লেখার সময় বাক্যের মধ্যে তা দেখানোর জন্য যেসব সাংকেতিক চিহ্ন ব্যবহার করা হয়, তা-ই যতি বা ছেদচিহ্ন।

**07. 'নদের চাঁদ' বাগধারাটির অর্থ কী?**

a) অতি আকাঙ্ক্ষিত বস্তু
b) অহমিকাপূর্ণ নির্গুণ ব্যক্তি
c) অদৃষ্টের পরিহাস
d) বিশেষ সম্মানিত ব্যক্তি ***ans.* B**

**Solution:** নদের চাঁদ বাগধারাটির অর্থ অহমিকাপূর্ণ নির্গুণ ব্যক্তি। উল্লেখ্য, 'ন' দিয়ে কিছু বাগধারাঃ

| | |
|---|---|
| নকবি চাল = অতিরিক্ত বিলাসিতা | নকড়া ছকড়া = হেলা ফেলা করা |
| নজর দেওয়া = কুদৃষ্টি | নট খট = গোলামাল |
| নথ নাড়া = গর্ব করা/ নগদ অর্থ | ননীর পুতুল = আদুরে দুলাল |
| নয় ছয় = অপচয় | নিমরাজি = প্রায় রাজি |

**08. 'যার কোন মূল্য নেই' সমার্থক বাগধারা কোনটি?**

a) ডাকাবুকো b) তুলসী বনের বাঘ
c) কাঠের পুতুল d) ঢাকের বায়া ***ans.* D**

Recent Publication

**Solution:** ঢাকের বায়া (যার কোন মূল্য নেই)ঃ তার কাছে বেচারা ছেলেটি একদম ঢাকের বায়া।

| | |
|---|---|
| ডাকাবুকো (নির্ভীক)ঃ | এমন ডাকাবুকো লোক বলেই কাজটি হয়েছে। |
| তুলসী বনের বাঘ (ভণ্ড)ঃ | লোকটা মুখে এক কথা বলে, কাজে করে অন্যটা, সে আসলে তুলসী বনের বাঘ। |
| কাঠের পুতুল (নির্জীব, অসার)ঃ | রাজা কাঠের পুতুলের মতো সিংহাসনে বসেছিলেন, মন্ত্রীই দেশ শাসন করতেন। |

***09.*** **কোন বানানটি শুদ্ধ?**

a) শ্রদ্ধাঞ্জলী b) দারিদ্রতা
c) বৈশিষ্ট্য d) উপর্যুক্ত ***ans.* D**

**Solution:** 'উপর্যুক্ত' হলো শুদ্ধ বানান। উল্লেখ্য,

| | | |
|---|---|---|
| শ্রদ্ধাঞ্জলী = শ্রদ্ধাঞ্জলি | দারিদ্রতা = দরিদ্রতা | বৈশিষ্ট = বৈশিষ্ট্য |
| উচ্ছাস = উচ্ছ্বাস | জৈষ্ঠ্যতা = জ্যেষ্ঠতা | বুতপত্তি = ব্যুৎপত্তি |
| আদ্যক্ষর = আদ্যাক্ষর | সারক = স্মারক | সুত্র = সূত্র |
| সান্তনা = সান্ত্বনা | সাচ্ছন্দ = স্বাচ্ছন্দ্য | শ্রদ্ধ্যাস্পদেসু = শ্রদ্ধাস্পদেষু |

***10.*** **অনুবাদ কত প্রকার?**

a) ২ প্রকার b) ৩ প্রকার
c) ৪ প্রকার d) ৫ প্রকার ***ans.* A**

**Solution:** এক ভাষার বক্তব্যকে অন্য ভাষায় রূপান্তরিত করাকে অনুবাদ বলা হয়। অনুবাদ দুই রকমের হতে পারে। যথাঃ আক্ষরিক অনুবাদ এবং ভাবানুবাদ।

***11.*** **'চলচ্চিত্র' শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি?**

a) চলৎ + চিত্র b) চল + চিত্র
c) চলচ + চিত্র d) চলিত + চিত্র ***ans.* A**

**Solution:** আগে 'ৎ' বা 'দ্' এবং পরে 'চ্' বা 'ছ্' থাকলে 'ৎ' বা 'দ্' স্থানে 'চ্' হয়। এবং 'ৎ' বা 'দ্' এর পরে 'জ্' বা 'ঝ্' থাকলে 'ত্' বা 'দ্' স্থানে 'জ্' হয়। যেমনঃ

| | |
|---|---|
| ৎ + চ্ = চ্চ | সৎ + চরিত্র = সচ্চরিত্র; চলৎ + চিত্র = চলচ্চিত্র। |
| দ্ + চ্ = চ্চ | বিপদ্ + চিন্তা = বিপচ্চিন্তা; তদ্ + চিত্র = তচ্চিত্র। |
| ৎ + ছ্ = চ্ছ | উৎ + ছিন্ন = উচ্ছিন্ন; উৎ + ছেদ = উচ্ছেদ। |
| দ্ + ছ্ = চ্ছ | তদ্ + ছবি = তচ্ছবি; তদ্ + ছিদ্র = তচ্ছিদ্র। |
| ৎ + জ্ = জ্জ | উৎ + জ্বল = উজ্জ্বল; যাবৎ + জীবন = যাবজ্জীবন। |
| দ্ + জ্ = জ্জ | বিপদ্ + জনক = বিপজ্জনক; তদ্ + জন্য = তজ্জন্য। |
| ৎ + ঝ্ = জ্ঝ | কুৎ + ঝটিকা = কুজ্ঝটিকা। |
| দ্ + ঝ্ = জ্ঝ | বিপদ্ + ঝঞ্ঝা = বিপজ্ঝঞ্ঝা। |

***12.*** **সন্ধির প্রধান সুবিধা কী?** www.prebd.com

a) লেখার সুবিধা b) উচ্চারণের সুবিধা
c) পড়ার সুবিধা d) শুনার সুবিধা ***ans.* B**

**Solution:** বাংলা ভাষায় নতুন শব্দের গঠনে সন্ধির ভূমিকা অনেক। সন্ধির প্রয়োজনীয়তা হলোঃ

| | |
|---|---|
| সন্ধি ভাষাকে সংক্ষিপ্ত করে | শব্দের উচ্চারণ সহজতর করে |
| শুদ্ধ বানান লিখতে সাহায্য করে | ধ্বনিগত মাধুর্য সাধন করে |

***13.*** **'পুকুরে মাছ আছে' এখানে 'পুকুর' কোন কারক?**

a) কর্মকারক b) অপাদান কারক
c) সম্প্রদান কারক d) অধিকরণ কারক ***ans.* D**

**Solution:** বিশাল স্থানের যে কোনো অংশে ক্রিয়া সংঘটিত হলে তাকে ঐকদেশিক আধারাধিকরণ বলে। যেমনঃ পুকুরে মাছ আছে (পুকুরের যে কোনো একস্থানে)। বনে বাঘ আছে। (বনের যে কোনো এক অংশে)। আকাশে চাঁদ উঠেছে (আকাশের কোনো এক অংশে)।

***14.*** **'ডাক্তার ডাক' কোন কারকে কোন বিভক্তি?**

a) কর্তৃকারকে শূন্য বিভক্তি b) কর্মকারকে শূন্য বিভক্তি
c) করণকারকে শূন্য বিভক্তি d) কোনোটিই নয় ***ans.* B**

**Solution:** যাকে আশ্রয় করে কর্তৃা ক্রিয়া সম্পন্ন করে, তাকে কর্ম কারক বলে। কর্মকারকে শূন্য বিভক্তির কয়েকটি উদাহরণ দেওয়া হলোঃ ডাক্তার ডাক। আমাকে একখানা বই দাও। রবীন্দ্রনাথ পড়লাম ইত্যাদি। উল্লেখ্য,

| মূল শব্দ | বিশ্লেষিত শব্দ | বিভক্তি |
|---|---|---|
| হামিদ বই পড়ে। | হামিদ + ০ | প্রথমা |
| আমারে তুমি করিবে ত্রান | আমা + রে | দ্বিতীয়া |
| লাঙ্গল দ্বারা জমি ছাষ করা হয় | লাঙ্গল+দ্বারা | তৃতীয়া |
| ভিখারীকে ভিক্ষা দাও | ভিখারী+কে | চতুর্থী |
| জমি থেকে ফসল পাই | জমি+থেকে | পঞ্চমী |
| আমার যাওয়া হয়নি। | আমা + র | ষষ্ঠী |
| তিলে তৈল হয়। | তিল+এ | সপ্তমী |

***15.*** **নিচের কোনটি নিত্য সমাস**

a) পঞ্চনদ b) বেয়াদব
c) দেশান্তর d) ভালমন্দ ***ans.* C**

**Solution:** যে সমাসে সমস্যমান পদগুলো নিত্য সমাসবদ্ধ থাকে ব্যাসবাক্যের প্রয়োজন হয় না তাকে নিত্যসমাস বলে। তদর্থবাচক ব্যাখ্যামূলক শব্দ বা বাক্যাংশ যোগে এগুলোর অর্থ বিশাদ করতে হয়। যেমনঃ অন্য গ্রাম = গ্রামান্তর; অন্য গৃহ = গৃহান্তর; দুই এবং নব্বই = বিরানব্বই। এরূপঃ দেশান্তর, যুগান্তর, গ্রহান্তর, কালান্তর, রূপান্তর, বাক্যান্তর, উপায়ান্তর, স্থানান্তর, পাঠান্তর, দ্বীপান্তর, গত্যন্তর, ধর্মান্তর, লোকান্তর, মতান্তর, ভাবান্তর (অর্থাৎ পদের শেষে 'অন্তর' থাকলেই তা নিত্য সমাস)।

| |
|---|
| পঞ্চনদ = পঞ্চ নদীর সমাহার (দ্বিগু সমাস)। |
| বেয়াদব = আদবের অভাব (অব্যয়ীভাব সমাস)। |
| ভালোমন্দ = ভালো ও মন্দ (দ্বন্দ্ব সমাস)। |

***16.*** **'পৃথিবী'র সমার্থক শব্দ কোনটি?**

a) অচল b) অদ্রি
c) কনক d) অবনী ***ans.* D**

**Solution:** 'পৃথিবী' শব্দের সমার্থক শব্দঃ অবনী, বসুধা, জগৎ, ভুবন, সংসার, বিশ্ব, রাজ্য, ধরা, ধরণী, ধরিত্রী, বসুমতী, পৃথ্বী, দুনিয়া, ভূ-মণ্ডল, মর্ত্য। উল্লেখ্য,

| | |
|---|---|
| অচল | অচল, অদ্রি, মহীধর, পাহাড়, গিরি, শৈল, ভূধর, শিখরী, শৃঙ্গী, শৃঙ্গধর, মহীধ্র, ভূভৃৎ, নগ। |
| কনক | সোনা, স্বর্ণ, সুবর্ণ, কাঞ্চন, হেম, হিরণ, হিরণ্য, কর্বুর, মহাধাতু। |

***17.*** **'কৌমুদী' শব্দের প্রতিশব্দ হলো-**

a) চাঁদ b) জ্যোৎস্না
c) পদ্মফুল d) মুকুল ***ans.* B**

**Solution:** 'কৌমুদী' শব্দের প্রতিশব্দ হলো 'জ্যোৎস্না, চন্দ্রিমা, চন্দ্রিকা, চাঁদনী, চন্দ্রকিরণ'। উল্লেখ্য,

| | |
|---|---|
| চাঁদ | চন্দ্র, সুধাংশু, সুধাকর, শশাঙ্ক, শশধর, শশী, হিমাংশু, বিধু, নিশাকর, সোম, সিতাংশু, সুধানিধি, কলানিধি, হিমকর, ইন্দু, চন্দ্রমা, দ্বিজরাজ, নিশাকান্ত, মৃগাঙ্ক, কলাভৃৎ, কুমুদনাথ। |
| পদ্ম | শতদল, উৎপল, নলিনী, অরবিন্দ, পঙ্কজ, সরোজ, কমল, রাজীব। |
| মুকুল | ফুল, পুষ্পক, প্রসূন, মঞ্জরি, সুমন, মণীবক, অংকুর, রঙ্গন। |

Recent Publication

**18. 'যা বলা হয়নি' এক কথায় কী বলে?**

a) অকথ্য　　b) অনুক্ত
c) নির্বাক　　d) মুক　　***ans.* B**

**Solution:** 'যা বলা হয়নি' এক কথায় 'অনুক্ত' বলে। উল্লেখ্য,

| | |
|---|---|
| অকথ্য = যা বলার যোগ্য নয় | বক্তব্য = যা বলা হবে |
| ব্যামাণ = যা বলা হচ্ছে | উক্ত = যা বলা হয়েছে |

**19. 'চন্দ্র' এর বিশেষণ রূপ কোনটি?**

a) চান্দ্র　　b) চাঁদ
c) চন্দ্রা　　d) চান্দ্রা　　***ans.* A**

**Solution:** 'চন্দ্র' এর বিশেষণ রূপ হলো 'চান্দ্র'। উল্লেখ্য,

| বিশেষ্য | বিশেষণ | বিশেষ্য | বিশেষণ |
|---|---|---|---|
| ইচ্ছা | ইচ্ছুক; ঐচ্ছিক | বুদ্ধিমত্তা | বুদ্ধিমান |
| দারিদ্র্য | দরিদ্র | লাজ | লাজুক |
| নৈপুণ্য | নিপুণ | চাতুর্য | চতুর |
| লবণ | লবণাক্ত | প্রাচুর্য | প্রচুর |

**20. কোন অব্যয় বিশেষ্য ও সর্বনাম পদের পরে যুক্ত হয়ে বিভক্তির কাজ করে?**

a) সংযোজক　　b) সমুচ্চয়ী
c) অনুকার　　d) অনুসর্গ　　***ans.* D**

**Solution:** বাংলা ভাষায় যে অব্যয় শব্দগুলো কখনো স্বাধীন পদ রূপে, আবার কখনো শব্দ বিভক্তির ন্যায় বাক্যে ব্যবহৃত হয়ে বাক্যের অর্থ প্রকাশে সাহায্য করে, সেগুলোকে বলা হয় অনুসর্গ বা কর্মপ্রবচনীয়।

**21. 'A bolt from the blue' বাক্যটির সঠিক বাংলা অনুবাদ কোনটি?**

a) যতো গর্জে ততো বর্ষে না
b) গরিবের ঘোড়া রোগ
c) বিনা মেঘে বজ্রপাত
d) অতিলোভে তাতি নষ্ট　　***ans.* C**

**Solution:** 'A bolt from the blue' বাক্যটির সঠিক বাংলা অনুবাদ হলো বিনা মেঘে বজ্রপাত। উল্লেখ্য,

| | |
|---|---|
| A barking dog seldom bites = যতো গর্জে ততো বর্ষে না | Grasp all lose all = অতি লোভে তাতি নষ্ট |
| As you sow, so will you reap = যেমন কর্ম, তেমন ফল | A stitch in times saves nine = সময়ের এক ফোঁড় অসময়ের দশ ফোঁড় |
| Danger often comes where danger is feared = যেখানে বাঘের ভয় সেখানেই রাত্রি হয় | While there is life, there is hope,/ A drowning man catches at a straw = যতক্ষণ শ্বাস ততক্ষণ আঁশ |
| A gain beyond expectation = মেঘ না চাইতেই জল | To gain without spending = মাছের তেলে মাছ ভাজা |

**22. 'আমি' শব্দটি কোন লিঙ্গ?**

a) পুংলিঙ্গ　　b) স্ত্রী লিঙ্গ
c) ক্লীব লিঙ্গ　　d) উভয় লিঙ্গ　　***ans.* D**

**Solution:** যেখানে লিঙ্গবোধকে গৌণ করে দেখা যেতে পারে সেক্ষেত্রে কিছু শব্দকে উভয় লিঙ্গ করে নেয়া হয়। যেমনঃ আমি, কবি, সম্পাদক, সভাপতি, চেয়ারম্যান, জন, পাখি, শিশু, সন্তান, শিক্ষিত, গুরু, মানুষ, বন্ধু, জনতা, অভিভাবক, শত্রু, মিত্র, শিক্ষার্থী, পরীক্ষার্থী, শিল্প ইত্যাদি।

| | |
|---|---|
| পুংলিঙ্গ বা পুরুষবাচক শব্দঃ | যে শব্দ দ্বারা পুরুষ জাতিকে বোঝায় তাকে পুংলিঙ্গ বলে। যেমনঃ বাবা, ছেলে, পুত্র, ভাই, ছাত্র, বিদ্বান, হুজুর ইত্যাদি |
| স্ত্রীলিঙ্গ বা স্ত্রীবাচক শব্দঃ | যে শব্দ দ্বারা শুধু স্ত্রী জাতিকে বোঝায় তাকে স্ত্রীলিঙ্গ বা স্ত্রীবাচক শব্দ বলে। যেমনঃ মা, মেয়ে, পত্নী, মেম ইত্যাদি। |
| ক্লীবলিঙ্গ বা অলিঙ্গবাচক শব্দঃ | যে শব্দ দ্বারা পুরুষ বা স্ত্রী জাতিয় কোনো শব্দকেই না বুঝিয়ে কোনো বস্তু বা পদার্থকে বোঝায় তাকে ক্লীবলিঙ্গ বা অলিঙ্গবাচক শব্দ বলে। যেমনঃ বই, খাতা, টেবিল, চেয়ার, দুধ, পানি, পথ, মাটি, বাড়ি ইত্যাদি। |

**23. 'শীকর' শব্দের অর্থ-**

a) গাছের মূল　　b) মেনে নেয়া
c) জলকণা　　d) রাজত্ব　　***ans.* C**

**Solution:** 'শীকর' বিশেষ্য বাচক শব্দের অর্থ বাতাসে বাহিত জলকণা; পানির বিন্দু। উল্লেখ্য, 'শীকর' এর সন্ধি বিচ্ছেদ হলোঃ শীক্ + অর (অরক্)।

**24. কোনটির আগে স্ত্রী বাচক শব্দ যুক্ত করে লিঙ্গান্তর করতে হয়?**

a) নেতা　　b) কবি
c) দাতা　　d) বাদশাহ　　***ans.* B**

**Solution:** কতগুলো পুরুষবাচক শব্দের আগে স্ত্রীবাচক শব্দ প্রয়োগ করে স্ত্রীবাচক শব্দ গঠিত হয়। যেমনঃ কবি-মহিলা কবি, ডাক্তার-মহিলা ডাক্তার, সভ্য-মহিলা সভ্য ইত্যাদি।

**25. দুটি সমবর্ণের একটির পরিবর্তনকে কী বলে?**

a) অপগত　　b) পরাগত
c) সমীভবন　　d) বিষমীভবন　　***ans.* D**

**Solution:** দুটো সমবর্ণের একটির পরিবর্তনকে বিষমীভবন বলে। যেমনঃ শরীর > শরীল; লাল > নাল; আরমারি > আলমারি; জরুরি > জরুলি; মর্মর > মার্বেল; লাঙ্গল > নাঙ্গল; নুকসান (আরবি) > লোকসান ইত্যাদি।

| | |
|---|---|
| পরাগত সমীভবন | পরবর্তী ধ্বনির প্রভাবে পূর্ববর্তী ধ্বনি পরিবর্তনের প্রক্রিয়াকে পরাগত সমীভবন। যেমনঃ কর্তা-কত্তা, সৎজন-সজ্জন। |
| সমীভবন | শব্দমধ্যস্থ দুটি ভিন্ন ধ্বনি একে অপরের প্রভাবে অল্প-বিস্তর সমতা লাভ করে। এ ব্যাপারকে বলা হয় সমীভবন বা Assimilation. সমীভবনকে ব্যঞ্জনসঙ্গতিও বলা হয়। যেমনঃ জন্ম > জম্ম; কাঁদনা > কান্না; দুর্গা > দুগ্গা ইত্যাদি। |

**26. 'Pass out' means**-www.prebd.com

a) die　　b) faint
c) disappear　　d) cross　　***ans.* B**

**27. The police is looking ___ the matter.**

a) into　　b) on
c) to　　d) at　　***ans.* A**

**Solution:** Look into মানে কোন বিষয়ের তদন্ত করা। এখানে পুলিশ matter বা বিষয়টর তদন্ত করেছিলেন বলে Look এর পরে Into হবে। উল্লেখ্য, Look দিয়ে নিম্নোক্ত Verb গুলো মনে রাখবেন।

| | |
|---|---|
| Look after – দেখাশুনা করা | Look at – তাকানো |
| Look back – অতীত বিবেচনা করা | Look for – খোঁজা |
| Look forward to – সাগ্রহে প্রতীক্ষা করা | Look into – তদন্ত করা |
| Look out – সতর্ক হওয়া | Look up – খুঁজে দেখা |
| Look down on – ঘৃণা করা | |

বাক্যের অর্থঃ পুলিশ বিষয়টির তদন্ত করছে।

Recent Publication

**28. The phrase 'Man of parts' means-**

a) honest　　b) sincere
c) talented　　d) worthless　　***ans.* C**

**Solution:** Man of parts = talented = গুণী ব্যক্তি। মনে রাখার বুদ্ধিঃ যার মধ্যে Parts আছে সেই আসলে + Talented.

**29. Select the same meaning ___ pragmatic.**

a) wasteful　　b) productive
c) practical　　d) fussy　　***ans.* C**

**Solution:** Pragmatic/ Practical অর্থ বাস্তববাদী; প্রায়োগিক; বাস্তবধর্মী। Wasteful অর্থ অপব্যয়ী। Productive অর্থ উৎপাদনশীল; উর্বর। Fussy অর্থ হৈচৈপূর্ণ।

**30. Antonym of 'Ally' is-**www.prebd.com

a) friend　　b) child
c) congested　　d) enemy　　***ans.* D**

**Solution:** Ally অর্থ চুক্তিসূত্রে বা বিবাহ দ্বারা মৈত্রীসম্পর্ক স্থাপন করা। Friend অর্থ বন্ধু; মিত্র। Child অর্থ অজাত বা নবজাত মানবশিশু; বালক বা বালিকা। Congested অর্থ অতিমাত্রায় পূর্ণ; ভিড়াক্রান্ত। Enemy অর্থ শত্রু।

**31. Had I the wings of a bird! (make assertive):**

a) I wish I had the wings of a bird
b) I had the wings of a bird
c) I should have the wings of bird.
d) May I have the wings of a bird.　　***ans.* A**

**Solution:** Exclamatory বাক্য যদি Had, could, were দ্বারা আরম্ভ হয় তাহলে বাক্যের প্রথমে I wish বসিয়ে এবং Subject কে Verb এর পূর্বে স্থাপন করে ও Note of exclamatory উঠিয়ে দিয়ে Assertive বাক্য গঠন করতে হয়।

**বাক্যের অর্থঃ** আমার যদি পাখির মত ডানা থাকত।

**32. He got ___ his illness in two weeks-**

a) on　　b) by
c) with　　d) over　　***ans.* D**

**Solution:** Get over অর্থ আরোগ্য লাভ করা।

**বাক্যের অর্থঃ** সে তার রোগ হতে দুই সপ্তাহের মধ্যে সেরে উঠেছিলো।

**33. My uncle arrived while I (cook) the dinner.**

a) would cook　　b) had cook
c) cook　　d) was cooking　　***ans.* D**

**Solution:** While চলমান প্রক্রিয়া বোঝাতে ব্যবহৃত হয়। তাই While I was cooking হয়েছে।

**বাক্যের অর্থঃ** আমার চাচা তখনই পৌছেছিল যখন আমি রাতের রান্না করছিলাম।

**34. He advised me (give) smoking.**

a) giving up　　b) to give up
c) in giving up　　d) from giving up　　***ans.* B**

**Solution:** Advised somebody to do something হচ্ছে Appropriate ব্যবহার। আর Smoking একটি বদঅভ্যাস যা ত্যাগ করতে হয় (give up). সুতরাং ব্যবহার ও অর্থগত দিক থেকে সঠিক উত্তর হবে অপশন *b*) এর To give up.

**বাক্যের অর্থঃ** তিনি আমাকে ধুমপান ত্যাগের উপদেশ দিয়েছিলেন।

**35. There is ______ tea in the cup.**

a) very little　　b) any
c) very　　d) many　　***ans.* A**

**Solution:** Countable noun এর সাথে যে অর্থে Few ব্যবহৃত হয় সেই একই অর্থে Uncountable noun এর সাথে Little অর্থে Very little.

**বাক্যের অর্থঃ** কাপে সামান্য চা আছে।

**36. The old lady cannot help ___ a cup of tea.**

a) to drink　　b) take
c) to taking　　d) having　　***ans.* D**

**Solution:** কেউ কোনো কিছু না করে পারে না অর্থে Can not help এবং না করে পারে নি অর্থে Could not help বসে। আর পরে Gerund (verb + ing) বসে।

**বাক্যের অর্থঃ** বৃদ্ধ মহিলাটি এক কাপ চা না নিয়ে পারে না।

**37. A true patriot can die ____ his country.**

a) for　　b) of
c) in　　d) by　　***ans.* A**

**Solution:** Die for = দেশের, জাতির, মহৎ কোনো কাজের জন্য আত্মত্যাগ করা। উল্লেখ্য,

| | |
|---|---|
| Die away | শ্রবণের বহির্ভূত হওয়া বা মিলাইয়া যাওয়া |
| Die by | দুর্ঘটনা, আত্মহত্যা, মহামারী, সহিংসতায় মারা যাওয়া |
| Die down | দুর্বলতর হওয়া |
| Die from | ক্ষত, জখম, আঘাত, অতিরিক্ত কোনো কিছুর পরিণতিরূপে মারা যাওয়া |
| Die through | অযত্নে বা অবহেলায় মারা যাওয়া |
| Die in | যুদ্ধে, দারিদ্রতায়, ঘুমের মধ্যে, শান্তিতে, কর্মরত অবস্থায় প্রভৃতিতে মারা যাওয়া |
| Die of | অসুস্থতা, ক্ষুধা, তৃষ্ণা, রোগে মারা যাওয়া |
| Die off | একে একে মারা যাওয়া |
| Die on | ফাঁসিকাষ্ঠে, বিশেষ দিনে মারা যাওয়া |
| Die out | ডবলুপ্ত বা অদৃশ্য হওয়া |
| Die for | দেশের,জাতির,মহৎ কোনো কাজের জন্য আত্মত্যাগ করা |

**বাক্যের অর্থঃ** একজন প্রকৃত দেশপ্রেমিক দেশের জন্য তার জীবন উৎসর্গ করতে পারে।

Recent Publication

***38.*** **What is lotted cannot be blotted (Active)**

a) We must be blotted what we cannot lot
b) We cannot blot what we must lot.
c) We must blot what we cannot lot.
d) Must be blot we lot. ***ans.* B**

***39.*** **Lingua franca means-**

a) common language b) maiden speech
c) second language d) mother tongue ***ans.* A**

**Solution:** Lingua Franca অর্থ সব সাধারণের ব্যবহারের ভাষা; মাধ্যম ভাষা। তাই সঠিক উত্তর অপশন *a*).

***40.*** **The work is to be ___ immediately.**

a) do b) done
c) doing d) did ***ans.* B**

***41.*** **The word 'Garrulous' means-**

a) wordless b) talking too much
c) speechless d) talkingless ***ans.* B**

***42.*** **কিছু করার আগে ভালো করে ভেবে নাও।**

a) Think before you leap.
b) Look before you do.
c) Think before you do anything
d) Look before you leap ***ans.* D**

**Solution:** Look before you leap এটি একটি প্রবাদ বাক্য। তাই প্রবাদের দুটি সমার্থক ইংরেজি অনুবাদ হলো Strike the iron while it is hot অথবা Make hay while the sun shines.

***43.*** **What parts of speech of 'Fatherly'?**

a) adjective b) verb
c) adverb d) noun ***ans.* A**

***44.*** **Your clock has run___.**

a) short b) good
c) down d) up ***ans.* C**

***45.*** **The noun form of approve is-**

a) approof b) approveness
c) approvalty d) approval ***ans.* D**

**Solution:** Approve (অনুমোদন করা) এর Noun form হলো Approval (অনুমোদন)।

***46.*** **লাইনটি কেটে দাও–**

a) Cut the line
b) Cross the line
c) Give up the line
d) Pen through the line ***ans.* D**

***47.*** **Metro rail is one of the greatest achievements of Bangladesh. Find out the correct sentence.**

a) Metro rail is a very great achievement of Bangladesh.
b) Very few achievement of Bangladesh are as great as metro rail.
c) Metro rail is greater than any other achievement of Bangladesh.
d) No other achievement of Bangladesh is as great as metro rail. ***ans.* B**

***48.*** **The synonym of 'Franchise' is-**

a) charter b) licence
c) privilege d) all of the above ***ans.* C**

**Solution:** Franchise – কোন দেশ বা নগরী কর্তৃক প্রদত্ত পূর্ণ নাগরিক অধিকার বিশেষত ভোটাধিকার; বিশেষ অধিকার দেয়া। Privilege – বিশেষ অধিকার। উল্লেখ্য, charter অর্থ সরকারি সনদ, ফরমান; Licence অর্থ কোনো কাজ করার অনুমতিপত্র; বিক্রয় করার অনুমতি; লাইসেন্স।

***49.*** **Choose the direct speech of the sentence: She told me to stand up.** www.prebd.com

a) She said "Do stand up".
b) She told, "Stand up".
c) She said me, "Stand up".
d) She said to me, "Stand up". ***ans.* D**

***50.*** **He said that he ___ the previous day.**

a) has come b) came
c) arrived d) had come ***ans.* D**

**Solution:** Reported verb টি Past tense এ থাকলে Indirect speech এ Verb টি Past perfect tense এর হয় এবং Direct speech এ Yesterday থাকলে Indirect speech এ The previous day বসে।
বাক্যের অর্থঃ সে বললো যে সে গতকাল এসেছিল।

***51.*** **লাবিব, রামিম ও জিদানের বয়সের গড় অপেক্ষা লাবিব, রাহিম ও শাফিনের বয়সের গড় ৫ বছর কম। শাফিনের বয়স ২০ বছর হলে জিদানের বয়স কত?**

a) ২০ বছর b) ২৫ বছর
c) ৩০ বছর d) ৩৫ বছর ***ans.* D**

**Solution:** ধরি, লাবিব, রামিম ও শাফিনের বয়স গড় ক বছর
তাহলে লাবিব, রাহিম ও জিদানের বয়সের গড় = ক + ৫ বছর
এখন, লাবিব, রাহিম ও জিদানের মোট বয়স
= ৩(ক + ৫) = ৩ক + ১৫ বছর.........($i$)
আবার, লাবিব, রাহিম ও শাফিনের মোট বয়স = ৩ক বছর
কাফিনের মোট বয়স = ৩ক - ২০ .........($ii$)
($i$) - ($ii$)
৩ক + ১৫
৩ক - ২০
(-) (+)
∴ জিদানের বয়স ৩৫ বছর।

***52.*** **দুইটি দলের সদস্য সংখ্যার ল.সা.গু. ৯০ এবং গ.সা.গু. ১৫ হলে, উভয় দলের সদস্য মোট কত জন?**

a) ৬৫ b) ৭৫
c) ৮৫ d) ৯৫ ***ans.* B**

Recent Publication

**53.** **কাফি এবং খলিল একটি কাজ যথাক্রমে ১০ দিনে এবং ১৫ দিনে করতে পারে। তারা একত্রে কাজটি কত দিনে করতে পারবে?**

a) ৪ b) ৫
c) ৬ d) ৭ ***ans.* C**

**Solution:** দেয়া আছে,
কাফি একটি কাজ করে ১০দিনে।

$\therefore$ কাফি ১ দিনে করবে কাজের $\frac{১}{১০}$ অংশ।

খলিল একটি কাজ করে ১৫ দিনে।

$\therefore$ খলিল ১ দিনে করবে কাজের $\frac{১}{১৫}$ অংশ।

অতএব কাফি ও খলিল একত্রে ১ দিনে করে কাজের

$= \frac{১}{১০} + \frac{১}{১৫} = \frac{৩ + ২}{৩০} = \frac{৫}{৩০} = \frac{১}{৬}$

কাফি ও খলিল একত্রে কাজের $\frac{১}{৬}$ অংশ করে ১ দিনে।

কাফি ও খলিল একত্রে কাজের ১ বা সম্পূর্ণ অংশ করে

$= \frac{৬ \times ১}{১} = ৬$ দিনে।

**54.** **একটি লাঠির মোট দৈর্ঘ্যের ৪০% এর সাথে ৪৫ মিটার যোগ করলে সম্পূর্ণ লাঠির দৈর্ঘ্য পাওয়া যায়। লাঠিটির দৈর্ঘ্য কত?**

a) ৬৫ মিটার b) ৭০ মিটার
c) ৭৫ মিটার d) ৮০ মিটার ***ans.* C**

**Solution:** ধরি, সংখ্যাটি $x$

প্রশ্নমতে, $x$ এর $\frac{৪০}{১০০} + ৪৫ = x$

$\Rightarrow \frac{2x}{5} + ৪৫ = x$

$\Rightarrow x - \frac{২x}{৫} = ৪৫$

$\Rightarrow \frac{৫x - ২x}{৫} = ৪৫$

$\therefore x = \frac{৪৫ \times ৫}{৩} = ৭৫$ মিটার।

**55.** **বার্ষিক শতকরা $১২\frac{১}{২}$ % সুদে কত টাকার ৪ বছরের সুদ ১০০ টাকা হবে?**

a) ১০০ b) ২০০
c) ৩০০ d) ৪০০ ***ans.* B**

**Solution:** দেয়া আছে, মুনাফা I = ১০০ টাকা
সময় $n = ৪$ বছর ।

সুদের হার $r = ১২\frac{১}{২}\% = ১২.৫\%$

আমরা জানি, I= prn

$\Rightarrow ১০০ = \frac{P \times ১২.৫ \times ৪}{১০০}$

$\Rightarrow ১০০ = \frac{P \times ৫০}{১০০}$

$\Rightarrow ১০০ = \frac{P}{২}$

$\therefore P = ২০০$ টাকা।

**56.** **৫ টাকায় ৮টি কলা ক্রয় করে ৫ টাকায় ৬টি কলা বিক্রি করলে শতকরা কত টাকা লাভ হবে?**

a) $৩০\frac{১}{৩}$ % b) $৩১\frac{১}{৩}$ %
c) $৩২\frac{১}{৩}$ % d) $৩৩\frac{১}{৩}$ % ***ans.* D**

**Solution:** ৮টি আমের ক্রয়মূল্য = ৫ টাকা

$\therefore$ ১ টি আমের ক্রয়মূল্য = $\frac{৫}{৮}$ টাকা

আবার, ৬টি আমের বিক্রয়মূল্য = ৫ টাকা

$\therefore$ ১ টি আমের বিক্রয়মূল্য = $\frac{৫}{৬}$ টাকা

$\therefore$ লাভ হয় $= \left(\frac{৫}{৬} - \frac{৫}{৮}\right) = \frac{২০ - ১৫}{২৪} = \frac{৫}{২৪}$ টাকা

অতএব শতকরা লাভ হয় $= \left(\frac{\frac{৫}{২৪}}{\frac{৫}{৮}} \times ১০০\right)\%$

$= \left(\frac{৫}{২৪} \times \frac{৮}{৫} \times ১০০\right)\% = ৩৩\frac{১}{৩}\%$ লাভ

**57.** **একটি জারে দুধ ও পানির অনুপাত ৫ : ১। দুধের পরিমাণ যদি পানি অপেক্ষা ৮ লিটার বেশি হয় তবে পানির পরিমাণ কত লিটার?**www.prebd.com

a) ২ b) ৩
c) ৪ d) ৬ ***ans.* A**

**Solution:** ধরি, দুধের পরিমাণ $৫x$ লিটার
এবং পানির পরিমাণ $x$ লিটার
প্রশ্নমতে, $৫x - x = ৮$

$\Rightarrow ৪x = ৮$

$\therefore x = ২$

অর্থাৎ পানির পরিমাণ ২ লিটার

**Shortcut:** পানির পরিমাণ $= \frac{৮}{৪} \times ১ = ২$

**58.** **$x^3 + 6x^2y + 11xy^2 + 6y^3$ এর উৎপাদক নিচের কোনটি?**

a) $(x + y)(x + 2y)(x + 3y)$
b) $(x + y)(x - 2y)(x - 3y)$
c) $(x - y)(x - 2y)(x + 3y)$
d) $(x - y)(x + 2y)(x - 3y)$ ***ans.* A**

Recent Publication

**Solution:** দেয়া আছে, $x^3 + 6x^2y + 11xy^2 + 6y^3$
$= x^3 + x^2y + 5x^2y + 5xy^2 + 6xy^2 + 6y^3$
$= x^2(x + y) + 5xy(x + y) + 6y^2(x + y)$
$= (x + y)(x^2 + 5xy + 6y^2)$
$= (x + y)(x^2 + 3xy + 2xy + 6y^2)$
$= (x + y)(x + 3y)(x + 2y)$

***59.*** **$x = \sqrt{5} + \sqrt{4}$ হলে $x^2 + \frac{1}{x^2}$ এর মান কত?**

a) 36 b) 27
c) 18 d) 9 ***ans.* C**

**Solution:** $x = \sqrt{5} + \sqrt{4}$

$\therefore \frac{1}{x} = \frac{1}{\sqrt{5}+\sqrt{4}} = \frac{1(\sqrt{5}-\sqrt{4})}{(\sqrt{5}+\sqrt{4})(\sqrt{5}-\sqrt{4})}$
$= \sqrt{5} - \sqrt{4}$

দেয়া আছে, $x^2 + \frac{1}{x^2} = \left(x + \frac{1}{x}\right)^2 - 2 \times x \times \frac{1}{x}$
$= (\sqrt{5}+\sqrt{4}+\sqrt{5}-\sqrt{4})^2 - 2$
$= (2\sqrt{5})^2 - 2 = 20 - 2 = 18.$

***60.*** **$18(x + y)^3$, $24(x + y)^2$ এবং $32(x^2 + y^2)$ এর গ.স.গু. কোনটি?** www.prebd.com

a) $2(x + y)$ b) $x - y$
c) $x + y$ d) $2(x - y)$ ***ans.* A**

**Solution:** ১ম রাশি, $18(x + y)^3$
$= 2 \times 3 \times 3(x + y)(x + y)(x + y)$
২য় রাশি, $24(x + y)^2$
$= 2 \times 2 \times 2 \times 3(x + y)(x + y)$
$= (x + 3)(x - 3)$
৩য় রাশি, $32(x^2 + y^2)$
$= 2 \times 2 \times 2 \times 2 \times 2(x + y)(x - y)$
এখানে, রাশিগুলোর সাধারণ উৎপাদক $2(x + y)$
এবং সর্বোচ্চ সাধারণ ঘাত $2(x + y)$
$\therefore$ নির্ণেয় গ.সা.গু. $= 2(x + y)$

***61.*** **$(-27)^{\frac{4}{3}}$ এর মান কত?**

a) – 81 b) 81
c) ± 81 d) ± 27 ***ans.* B**

**Solution:** $(-27)^{\frac{4}{3}} = (-3^3)^{\frac{4}{3}} = -3^{\frac{4 \times 3}{3}} = -3^4 = 81$

***62.*** **$(x^{p-q})^{p+q} \times (x^{q-r})^{q+r} \times (x^{r-p})^{r+p} =$ কত?**

a) 0 b) $p + q$
c) $q + r$ d) 1 ***ans.* D**

***63.*** **$\log_{10}x = -2$ হলে $x$ এর মান কত?**

a) 0.01 b) 0.001
c) 0.05 d) 0.005 ***ans.* A**

**Solution:** দেয়া আছে, $\log_{10}x = -2$
$\Rightarrow x = 10^{-2}$
$\therefore x = \frac{1}{10^2} = \frac{1}{100} = 0.01$

***64.*** **$(\log_{10}x)^2 = \log_{10}x^2$ হলে $x$ এর মান কত?**

a) 1, 0 b) 1, 10
c) 1, 100 d) 10, 100 ***ans.* C**

***65.*** **একটি আয়তক্ষেত্রের পরিসীমা ৪০ মিটার। এর প্রস্থ ৫ মিটার হলে, দৈর্ঘ্য কত মিটার হবে?**

a) ১৫ b) ২০
c) ২৫ d) ৩০ ***ans.* A**

**Solution:** দেয়া আছে, একটি আয়তক্ষেত্রের পরিসীমা ৪০ মিটার। এর প্রস্থ ৫ মিটার।
প্রশ্নমতে ২(দৈর্ঘ্য + প্রস্থ) = পরিসীমা
$\Rightarrow$ ২(দৈর্ঘ্য + ৫) = ৪০
$\Rightarrow$ ২ দৈর্ঘ্য + ১০ = ৪০
$\Rightarrow$ ২ দৈর্ঘ্য = ৪০ - ১০
$\Rightarrow$ ২ দৈর্ঘ্য = ৩০
$\therefore$ দৈর্ঘ্য = ১৫

***66.*** **একটি সমকোণী ত্রিভুজের সূক্ষ্মকোণ দুইটি ৩০° এবং ৬০°; ত্রিভুজটির বাহু তিনটির অনুপাত কত?**

a) ১ ঃ √৩ ঃ ২ b) ১ ঃ ৩ ঃ √২
c) ১ ঃ ২ ঃ ৩ d) ১ ঃ ৩ ঃ ২ ***ans.* A**

***67.*** **কোনো বৃত্তের যে কোনো একটি চাপের কেন্দ্রস্থ কোণ ৩০° হলে ঐ বৃত্তচাপের বৃত্তস্থ কোণের পূরক কোণের মান কত?**

a) ১৫° b) ৪৫°
c) ৬০° d) ৭৫° ***ans.* D**


***68.*** **১ সেন্টিমিটার, ২ সেন্টিমিটার, ৩ সেন্টিমিটার এবং ৪ সেন্টিমিটার দৈর্ঘ্যবিশিষ্ট চারটি রেখাংশ দ্বারা কয়টি ত্রিভুজ অংকন করা যাবে?**

a) ১ b) ২
c) ৩ d) ৪ ***ans.* A**

***69.*** **৫ সেন্টিমিটার ব্যাসার্ধবিশিষ্ট বৃত্তের কেন্দ্র থেকে ৪ সেন্টিমিটার দূরবর্তী জ্যা এর দৈর্ঘ্য কত সেন্টিমিটার?**

a) ৪ b) ৫
c) ৬ d) ৭ ***ans.* C**

**Solution:** সমকোণী ত্রিভুজে, (অতিভুজ)² = (ভূমি)² + (লম্ব)²
$\Rightarrow$ ৫² = (ভূমি)² + ৪²
$\Rightarrow$ (ভূমি)² = ২৫ – ১৬ = ৯
$\Rightarrow$ ভূমি= ৩ সে.মি.
$\therefore$ জ্যা এর দৈর্ঘ্য = ৩ + ৩ = ৬ সে.মি.




***70.*** **একটি বর্গক্ষেত্রের বাহুর দৈর্ঘ্য ৮ [illegible] ঐ বর্গক্ষেত্রের কর্ণের উপর অঙ্কিত বর্গক্ষেত্রের ক্ষেত্রফল কত বর্গ সেন্টিমিটার?**

a) ১২৮ b) ১৩০
c) ১৩২ d) ১৪০ ***ans.* A**

**Solution:** বর্গক্ষেত্রের কর্ণ = √(৮² + ৮²) = √১২৮ ফুট
$\therefore$ কর্ণের ওপর অঙ্কত বর্গক্ষেত্রের ক্ষেত্রফল
= (√১২৮)² = ১২৮ বর্গফুট


**Shortcut:** (কর্ণের দৈর্ঘ্য)² = ৮² + ৮² = ১২৮ (কর্ণের উপর অঙ্কিত বর্গক্ষেত্রের ক্ষেত্রফল।)

Recent Publication

**71.** বৃত্তের কোনো উপচাপে অন্তর্লিখিত কোণটি?

a) স্থূলকোণ　b) সূক্ষ্মকোণ
c) সমকোণ　d) প্রবৃদ্ধকোণ　**ans. A**

**Solution:**




বৃত্তের পরিধিকে দুই ভাগে ভাগ করলে ছোট অংশকে উপচাপ আর বড় অংশকে অধিচাপ বলে। উপচাপে অন্তর্লিখিত কোন স্থূলকোণ হবে। চিত্রে O কেন্দ্রবিশিষ্ট বৃত্তে ABC উপচাপ এবং ADC অধিচাপ। উপচাপের উপর যেকোনো বিন্দু B নিলে $\angle ABC$ হবে স্থূলকোণ।

**72.** একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য প্রস্থের দেড়গুণ। ক্ষেত্রফল ২১৬ বর্গমিটার হলে, তার পরিসীমা কত মিটার?

a) ২০　b) ৪০
c) ৬০　d) ৮০　**ans. C**

**Solution:** ধরি, কক্ষটির প্রস্থ $x$ মিটার

∴ কক্ষটির দৈর্ঘ্য ১.৫$x$ মিটার

প্রশ্নমতে, $x \times ১.৫x = ২১৬$

$\Rightarrow ১.৫x^2 = ২১৬$

$\Rightarrow x^2 = \frac{২১৬}{১.৫} = ১৪৪$

$\Rightarrow x = \sqrt{১৪৪} = \sqrt{(১২)^২}$

$\therefore x = ১২$

অর্থাৎ ঘরটির প্রস্থ ১২ মিটার

∴ ঘরটির দৈর্ঘ্য = ১.৫ × ১২ = ১৮ মিটার

অতএব, ঘরটির পরিসীমা = ২(দৈর্ঘ্য + প্রস্থ) একক

= ২(১৮ + ১২) একক = ২ × ৩০ = ৬০ মিটার।

**Shortcut:** দৈর্ঘ্য = $\sqrt{\text{ক্ষেত্রফল} \times \text{কতগুণ}}$

$= \sqrt{২১৬ \times ১.৫} = ১৮$

প্রস্থ = $\sqrt{\frac{\text{ক্ষেত্রফল}}{\text{কতগুণ}}} = \sqrt{\frac{২১৬}{১.৫}} = ১২$

পরিসীমা = ২ (দৈর্ঘ্য + প্রস্থ) = ২(১৮ + ১২) = ৬০

**73.** 'ক ঃ খ' = ৪ ঃ ৫ এবং 'খ ঃ গ' = ৭ ঃ ৮ হলে 'ক ঃ গ' = কত?

a) ১ ঃ ২　b) ৪ ঃ ৮
c) ৭ ঃ ১০　d) ৫ ঃ ৮　**ans. C**

**74.** $-2x^2 + 4x - 5$ রাশিটির সর্বোচ্চ মান কত?

a) – 1　b) – 2
c) – 3　d) – 4　**ans. C**

**75.** PQ রেখাংশকে R বিন্দুতে এমনভাবে অন্তর্বিভক্ত করা হলো যেন PQ : PR = PR : QR হয় তখন PR > QR সমানুপাতটি কত?

a) 1 : 1.618　b) 1 : 0.618
c) 1.618 : 1　d) 0.618 : 1　**ans. B**

**76.** বঙ্গবন্ধু টানেলের দৈর্ঘ্য কত?

a) ৩.৩০ কি. মি.　b) ৩.৩১ কি. মি.
c) ৩.৩২ কি. মি.　d) ৩.৩৩ কি. মি.　**ans. C**

**Solution:** বঙ্গবন্ধু টানেল বা কর্ণফুলী টানেলের দৈর্ঘ্য ৩.৩২ কিলোমিটার। চীনের বাণিজ্য নগরী সাংহাইয়ের 'ওয়ান সিটি টু টাউন'র আদলে গড়ে তোলা হয়েছে কর্ণফুলী টানেল বা বঙ্গবন্ধু টানেল। চট্টগ্রামের কর্ণফুলী নদীর তলদেশে নির্মিত হয়েছে দেশের প্রথম বঙ্গবন্ধু টানেল। এই টানেলটি চালু করা হয় ২৮ অক্টোবর ২০২৩ সালে।

**77.** বাংলাদেশের বৃহত্তম ব-দ্বীপ কোন জেলা?

a) ভোলা　b) সাতক্ষীরা
c) চাঁদপুর　d) নোয়াখালী　**ans. A**

**Solution:** মেঘনা নদীর মোহনায় অবস্থিত বাংলাদেশের বৃহত্তম দ্বীপ ভোলা। এই দ্বীপটি 'কুইন আইল্যান্ডস অব বাংলাদেশ' নামে পরিচিত। উল্লেখ্য, বাংলাদেশের একমাত্র পাহাড়ী দ্বীপ মহেশখালী।

**78.** কোন সাময়িকী প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে এশিয়ার আয়রন লেডি খেতাবে ভূষিত করে? www.prebd.com

a) দ্য ইকোনমিস্ট　b) নিউজ উইকস
c) দ্য গার্ডিয়ান　d) রয়টার্স　**ans. A**

**79.** বাংলাদেশের রূপপুর পারমাণবিক প্রকল্পের সহায়তাকারী দেশ কোনটি?

a) ভারত　b) চীন
c) রাশিয়া　d) যুক্তরাষ্ট্র　**ans. C**

**Solution:** পাবনার ঈশ্বরদী উপজেলার অন্তর্গত পাকশী ইউনিয়নের রূপপুর গ্রামে নির্মিত হচ্ছে রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র। রাশিয়ার রাষ্ট্রীয় আণবিক শক্তি কর্পোরেশন (রয়টাস) এই প্রকল্পটি বাস্তবায়ন করছে। প্রকল্প ব্যয়ের মোট ৯০% সরবরাহ করবে রাশিয়া। রূপপুর পারমাণবিক প্রকল্পে রাশিয়ার উদ্ভাবিত সর্বাধুনিক ৩ + প্রজন্মের (থ্রি পাস জেনারেশন) 'ভিভিইআর ১২০০' প্রযুক্তির পারমাণবিক চুলি ব্যবহার করা হবে। প্রতিটি ১ হাজার ২০০ মেগাওয়াট ক্ষমতার দুটি ইউনিট স্থাপন করা হবে। ২০২৩ সালে এর প্রথম ইউনিট এবং পরের বছর অর্থাৎ ২০২৪ সালে দ্বিতীয় ইউনিট চালু হওয়ার কথা। এই বিদ্যুৎ কেন্দ্রে টানা ৬০ বছর বিদ্যুৎ উৎপাদন করা যাবে।

**80.** মহাস্থানগড় কোন নদীর তীরে অবস্থিত?

a) কপোতাক্ষা　b) যমুনা
c) মেঘনা　d) করতোয়া　**ans. D**

**Solution:** বগুড়া শহর হতে সাত মাইল উত্তরে করতোয়া নদীর পশ্চিম তীরে মহাস্থানগড়, যা একসময় মৌর্য ও গুপ্ত বংশের রাজাদের রাজধানী ছিল। আর এই রাজধানীর নাম ছিল 'পুণ্ড্রনগর'। বাংলাদেশে প্রাপ্ত পাথরের চাকতিতে খোদাই করা সম্ভবত প্রাচীনতম শিলা লিপি এখানে পাওয়া গেছে।

Recent Publication

*81.* **১৯৭১ সালে মুক্তিযুদ্ধে বিশেষ অবদানের জন্য কোন দুই নারীকে 'বীরপ্রতীক' উপাধিতে ভূষিত করা হয়?**

a) তারামন বিবি ও ময়মুনা বিবি
b) সেতারা বেগম ও ময়মুনা বিবি
c) তারামন বিবি ও সেতারা বেগম
d) ময়মুনা বিবি ও তারামন বিবি ***ans. C***

**Solution:** মুক্তিযুদ্ধে অসামান্য অবদান রাখার জন্য দুইজন নারীকে 'বীরপ্রতীক' খেতাব প্রদান করা হয়। তাঁরা হলেন - মুক্তিযোদ্ধা তারামন বিবি এবং সেতারা বেগম। তারামন বিবি ১১নং সেক্টরে যুদ্ধ করেন এবং সেতারা বেগম ২ নং সেক্টরে যুদ্ধ করেন।

*82.* **ওয়াংগালা কাদের উৎসব**

a) কুকিদের b) গারোদের
c) চাকমাদের d) মারমাদের ***ans. B***

**Solution:** ওয়াংগালা গারোদের উৎসব ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর উৎসব

| বর্ষবরণ | |
|---|---|
| ক্ষুদ্র নৃ-গোষ্ঠী | উৎসব |
| রাখাইন | সাংগ্রাং |
| মারমা | সাংগ্রাই |
| চাকমা | বিজু |
| ত্রিপুরা/টিপরা | বৈসুক |
| তঞ্চঙ্গ্যা | বিষু |
| অহমিয়া | বিহু |
| খিয়াং | সাংলান |
| ওরাওঁ | ফাগুয়া |

| নবান্ন | |
|---|---|
| ক্ষুদ্র নৃ-গোষ্ঠী | উৎসব |
| গারো | ওয়াংগালা |
| কোচ | মায় পিদান ছানি |
| সাঁওতাল, ওরাওঁ | সাহরাই |
| উসুই | মাইলুকমা |
| ম্রো | চামোইনাত |
| খিয়াং | হেনেই |
| মুণ্ডা | করম বা কারাম |
| মহালী | করম বা কারাম |

*83.* **বাংলাদেশের প্রথম আদমশুমারী হয় কবে?**

a) ১৯৭২ সালে b) ১৯৭৩ সালে
c) ১৯৭৪ সালে d) ১৯৮১ সালে ***ans. C***

**Solution:** বাংলাদেশে প্রথম আদমশুমারী হয় ১০-১৮ মে, ১৯৭৪ সালে। বাংলাদেশে এ পর্যন্ত আদমশুমারি হয় ৬ বার ১৯৭৪, ১৯৮১, ১৯৯১, ২০০১, ২০১১, ২০২২।

*84.* **বঙ্গভঙ্গ রদ করা হয় কত সালে?** www.prebd.com

a) ১৯০৫ সালে b) ১৯১১ সালে
c) ১৯০৬ সালে d) ১৯০৯ সালে ***ans. B***

**Solution:** ১৯০৫ সালের ১৬ অক্টোবর লর্ড কার্জনের ঘোষণার মাধ্যমে কার্যকর হয় বঙ্গভঙ্গ। পরবর্তীতে হিন্দু জাতীয়তাবাদের তীব্র আন্দোলনের প্রেক্ষিতে ১২ ডিসেম্বর ১৯১১ রাজা পঞ্চম জর্জ দিলি দরবারে বঙ্গবিভাগ রদের ঘোষণা দেন। এ ঘোষণা কার্যকর হয় ১৯১২ সালের ২০ জানুয়ারি।

*85.* **নিচের কোন কর্মসূচিকে ম্যাগনাকার্টা হিসেবে গণ্য করা হয়?**

a) ১১ দফা b) ২১ দফা
c) ৬ দফা d) ৪ দফা ***ans. C***

**Solution:** বাঙালি জাতির মুক্তির সনদ বা বাঙ্গালির ম্যাগনাকার্টা বলা হয় ঐতিহাসিক ছয় দফাকে।

| | |
|---|---|
| উত্থাপনের তারিখ | ৫-৬ ফেব্রুয়ারি ১৯৬৬ সাল |
| উত্থাপনের স্থান | পাকিস্তানের লাহোরে অনুষ্ঠিত বিরোধী দলসমূহের জাতীয় সম্মেলনের বিষয় নির্বাচনী কমিটি |

উল্লেখ্য, ঐতিহাসিক 'ছয় দফা'য় বর্ণিত দাবিগুলো হলোঃ

| | |
|---|---|
| ০১. পাকিস্তান যুক্তরাষ্ট্রীয় ব্যবস্থাধীনে সংসদীয় পদ্ধতির সরকার হবে। সার্বজনীন ভোটাধিকারের ভিত্তিতে প্রাপ্ত বয়স্কদের ভোটে নির্বাচন অনুষ্ঠিত হবে। | ০২. কেন্দ্রীয় সরকারের হাতে মাত্র দুটি বিষয় থাকবে, প্রতিরক্ষা ও পররাষ্ট্র মন্ত্রণালয়। অন্যান্য সকল বিষয়ে অঙ্গরাজ্যগুলোর পূর্ণ ক্ষমতা থাকবে। |
| ০৩. সারাদেশে হয় অবাধে বিনিয়োগযোগ্য দু'ধরনের মুদ্রা, না হয় বিশেষ শর্ত সাপেক্ষে একই ধরনের মুদ্রা প্রচলন করা। | ০৪. সকল প্রকার কর ধার্য করার ক্ষমতা থাকবে আঞ্চলিক সরকারের হাতে। আঞ্চলিক সরকারের আদায়কৃত রাজস্বের একটি নির্দিষ্ট অংশ কেন্দ্রীয় সরকারকে দেওয়ার ব্যবস্থা থাকবে। |
| ০৫. অঙ্গরাজ্যগুলো নিজেদের অর্জিত বৈদেশিক মুদ্রার মালিক হবে, এর নির্ধারিত অংশ তারা কেন্দ্রকে দেবে। | ০৬. অঙ্গরাজ্যগুলোকে আঞ্চলিক নিরাপত্তার জন্য আধা সামরিক বাহিনী গঠন করার ক্ষমতা দেওয়া। |

*86.* **হিজবুল্লাহ কান দেশভিত্তিক সংগঠন-**

a) জর্ডান b) ফিলিস্তিন
c) মিশর d) লেবানন ***ans. D***

**Solution:** হিজবুল্লাহ হলো লেবানন ভিত্তিক শিয়া ইসলামপন্থী একটি রাজনৈতিক দল ও সশস্ত্র সংগঠন। দলটির জিহাদ কাউন্সিল নামক সামরিক শাখা এবং লয়ালটি টু দ্য রেসিস্ট্যান্স ব্লক নামক রাজনৈতিক শাখা রয়েছে।

*87.* **জাপানের পার্লামেন্টের নাম কী?**

a) ডায়েট b) কায়েট
c) লোকসভা d) ন্যাশনাল এসেম্বলী ***ans. A***

**Solution:** জাপানের পার্লামেন্টের নাম 'ডায়েট'।

| দেশ | আইন সভা |
|---|---|
| বাংলাদেশ | জাতীয় সংসদ |
| পাকিস্তান | জাতীয় পরিষদ বা সিনেট |
| নেদারল্যান্ড | স্ট্যাটেড জেনারেল |
| আফগানিস্তান | লয়াজিরগা |
| মালদ্বীপ | মজলিস |
| যুক্তরাজ্য | পার্লামেন্ট |
| জার্মানি | রাইখস্ট্যাগ |

| দেশ | আইন সভা |
|---|---|
| জাপান | ডয়েট |
| ভারত | লোকসভা বা রাজ্যসভা |
| তুরস্ক | গ্রান্ড ন্যাশনাল অ্যাসেম্বলি |
| ভুটান | সোংডু |
| যুক্তরাষ্ট্র | কংগ্রেস |
| ডেমার্ক | ফোকেট |
| সুইডেন | রিগুড্যাগ |

*88.* **'ফিফা বিশ্বকাপ ২০২৬' কোথায় অনুষ্ঠিত হবে?**

a) যুক্তরাষ্ট্র, কানাডা, মেক্সিকো
b) জেনেভা, রাশিয়া, ফ্রান্স
c) ভিয়েনা, অস্ট্রিয়া, ভেনিজুয়েলা
d) কাতার, দুবাই, বাহরাইন ***ans. A***

**Solution:** ২৩তম ফিফা বিশ্বকাপ ফুটবল ২০২৬ অনুষ্ঠিত হবেঃ

| | |
|---|---|
| আয়োজক দেশ | যুক্তরাষ্ট্র, কানাডা, মেক্সিকো |
| সময়কাল | ৮জুন-জুলাই ২০২৬ |
| মোট ম্যাচ | ৬০ টি, কানাডা ও মেক্সিকো ১০টি করে আয়োজন করবে এবং যুক্তরাষ্ট্র আয়োজন করবে ৪০টি। |
| দল অংশগ্রহণ করবে | ৪৮টি |

*89.* **SDG জাতিসংঘের কততম সাধারণ পরিষদে গৃহীত হয়?**

a) ৫৫ তম b) ৭০ তম
c) ৭২ তম d) ৭৩ তম ***ans. B***

**Solution:** ২০১৫ সনের ২৫ সেপ্টেম্বর জাতিসংঘের সাধারণ পরিষদের ৭০ তম অধিবেশনে SDG গৃহীত হয়। টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রার অফিসিয়াল নাম হলো Transforming our world. ২০৩০ সালের মধ্যে এই লক্ষ্য ও লক্ষ্যমাত্রাগুলি পূরণের অঙ্গীকার নিয়ে জাতিসংঘভুক্ত, 193 টি দেশ The Sustainable Development Goals (SDGs) এর এই চুক্তিতে স্বাক্ষর করে। উল্লেখ্য SDGs এর বৈশ্বিক লক্ষ্য 17 টি এবং লক্ষ্যমাত্রা 169 টি।

Recent Publication

***90.*** **থাইল্যান্ডের মুদ্রার নাম কী?**

a) লিরা b) ক্রোনা
c) বাথ d) রিংগিত ***ans.* C**

**Solution:** থাইল্যান্ডের মুদ্রার নাম 'বাথ'; মালয়েশিয়ার মুদ্রার নাম রিংগিত। উল্লেখ্য, তুরস্কের মুদ্রার নাম 'লিরা' এবং সিঙ্গাপুরের মুদ্রার নাম 'ডলার'। আইসল্যান্ড ও নরওয়ের মুদ্রার নাম ক্রোনা।

***91.*** **২০২৩ সালে শান্তিতে নোবেল পুরস্কার লাভ করেন কে?**

a) তাওয়াক্কোল কারমান b) নার্গিস মোহাম্মদী
c) মালালা ইউসুফ জাই d) শিরিন এবাদী ***ans.* B**

**Solution:** ২০২৩ সালে ইরানের নারী নিপীড়নের বিরুদ্ধে এবং সবার জন্য মানবাধিকার ও স্বাধীনতার লড়াইয়ে অবদান রাখার জন্য শান্তিতে নোবেল পুরস্কার পান নার্গিস মোহাম্মদী (ইরান)।

***92.*** **IMF - এর সদর দপ্তর কোথায়?**

a) ওয়াশিংটন ডিসি b) নিউইয়র্ক
c) জেনেভা d) রোম ***ans.* A**

**Solution:** IMF এর পূর্ণরূপ হলো International Monetary Fund. এটি ১-২২ জুলাই ১৯৪৪ যুক্তরাষ্ট্রের নিউ হ্যাম্পশায়ারের ব্রেটন উডসের মাউন্ট ওয়াশিংটন হোটেলে অনুষ্ঠিত ৪৫টি দেশের প্রতিনিধিদের অংশগ্রহণে গৃহীত চুক্তির মাধ্যমে আন্তর্জাতিক মুদ্রা তহবিল বা IMF প্রতিষ্ঠা হয়। এ চুক্তিটি আনুষ্ঠানিকভাবে কার্যকর হয় ২৭ ডিসেম্বর ১৯৪৫ সালে।

***93.*** **জাতিসংঘের প্রথম মহাসচিব কে?**

a) উ-থান্ট b) ট্রিগভেলী
c) দ্যাগ হেমারশোল্ড d) গুতেরেস ***ans.* B**

**Solution:** জাতিসংঘের প্রথম মহাসচিব ট্রিগভেলি (১৯৪৬-১৯৫২)। উল্লেখ্য, জাতিসংঘের দ্বিতীয় মহাসচিব দ্যাগ হেমারশোল্ড। বাংলাদেশের মুক্তিযুদ্ধের সময় জাতিসংঘের মহাসচিব ছিলেন মিয়ানমার বংশোদ্ভুত উ-থান্ট। তিনি ছিলেন জাতিসংঘের তৃতীয় মহাসচিব। জাতিসংঘের বর্তমান নবম মহাসচিব পর্তুগালের নাগরিক "অ্যান্টোনিও গুতেরেস"।

***94.*** **জ্বালানী তেল উৎপাদনে শীর্ষে কোন দেশ?**

a) যুক্তরাষ্ট্র b) যুক্তরাজ্য
c) ইরাক d) সৌদি আরব ***ans.* A**

**Solution:** বর্তমানে অপরিশোধিত তেল উৎপাদনে শীর্ষ ৫ দেশ হলোঃ যুক্তরাষ্ট্র, রাশিয়া, সৌদি আরব, ইরাক এবং কানাডা।

***95.*** **'লেইস ফেয়ার' নীতি নিচের কোনটির সাথে সম্পর্কযুক্ত?**

a) সমাজতান্ত্রিক b) খেলাধুলা
c) গণতন্ত্র d) মুক্তবাজার ***ans.* D**

**Solution:** 'লেইস ফেয়ার' নীতি মুক্তবাজারের সাথে সম্পর্কযুক্ত। লেইস ফেয়ার বা স্বেচ্ছায় বাণিজ্য এমন একটি অর্থনৈতিক ব্যবস্থা বা পরিবেশ যেখানে ব্যক্তি মানুষ বা ব্যক্তি মালিকানাধীন ব্যবসায় প্রতিষ্ঠানের মধ্যে কোনরূপ সরকারি হস্তক্ষেপ ব্যাতিরেকে ব্যবসা-বাণিজ্য ও বিনিময় চলে।

***96.*** **কোনটি জলবায়ুর উপাদান নয়?**

a) বায়ু প্রবাহ b) বারিপাত
c) সমুদ্র স্রোত d) বায়ুর আর্দ্রতা ***ans.* C**

**Solution:** জলবায়ুর উপাদানগুলি হলো বায়ুপ্রবাহ, পর্বতের অবস্থান, সমুদ্র থেকে উচ্চতা, অক্ষাংশ, আদ্রতা ইত্যাদি।

***97.*** **সবজি চাষ বিদ্যাকে কী বলে?**

a) Horticulture b) Aroboriculture
c) Floriculture d) Vegiculture ***ans.* A**

**Solution:** শাকসবজি , বাগানে ফুল, ফল উৎপাদনের বিদ্যাকে Horticulture বলে। উল্লেখ্য,

| | |
|---|---|
| Arboriculture | যেসব গাছের তক্তা হয় সেগুলোর রোপণ ও পরিচর্যা |
| Aquaculture | পানিতে খাদ্যরূপে উদ্ভিদ চাষ |
| Sericulture | রেশমচাষ |
| Pisciculture | মৎস্যচাষ, মাছচাষ |
| Apiculture | মৌমাছির চাষ |
| Viniculture/ Viticulture | আঙ্গুর চাষ |
| Aviculture | পাখিপালন |
| Poultry farming | হাঁস-মুরগী পালন |
| Husbandry | কৃষিকাজ |

***98.*** **বাংলাদেশে সবচেয়ে কম ভূমিকম্প ঝুঁকিপূর্ণ অঞ্চল কোনটি?**

a) উত্তর-পশ্চিম b) দক্ষিণ
c) দক্ষিণ-পশ্চিম d) মধ্য অঞ্চল ***ans.* C**

***99.*** **রক্তে Platelet - এর কাজী কী**

a) $O_2$ পরিবহন
b) সংক্রমণ প্রতিরোধ
c) রক্ত জমাট বাঁধতে সাহায্য করে
d) রক্তে $P^H$ এর নির্ধারণ করে ***ans.* C**

**Solution:** প্লাটিলেট রক্ত জমাট বাঁধতে ও রক্তক্ষরণ বন্ধ করতে সাহায্য করে। একজন পূর্ণবয়স্ক মানুষের শরীরের প্রতি মাইক্রোলিটার রক্তে প্লাটিলেটের মাত্রা দেড় লাখ থেকে সাড়ে চার লাখ পর্যন্ত। এই পরিমাণ চাইতে প্লাটিলেটের মাত্রা কমে গেলে রক্ত জমাট বাঁধতে পারে না। ফলে রক্তক্ষরণের ঝঁকি দেখা দেয়।

***100.*** **কম্পিউটার থেকে কম্পিউটারে তথ্য আদান-প্রদানকে কী বলা হয়?**

a) ইন্টারনেট b) ইন্টারকম
c) ই-মেইল d) ইন্টারস্পিড ***ans.* A**

**Solution:** টেলিযোগাযোগ প্রযুক্তিকে ব্যবহার করে কম্পিউটার থেকে কম্পিউটারে তথ্য আদান-প্রদানের প্রযুক্তিকে বলা হয় ইন্টারনেট। ইন্টারনেট এর শব্দগত বিশেষণ করলে তাকে International network এর সংক্ষিপ্ত রূপ হিসেবে পাওয়া যায়।

Recent Publication